প্রথম আলো

তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

গা্খী এবং ছাত্রদল ছাত্রলীগকে বিতাড়িত করার হুমকি দিয়েছে। এছাড়া কুষ্টিয়ায় ইসলামী বিশ্ববিদ্যালয়সহ জেলার অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র সংগঠনগুলো মুখোমুখি অবস্থানে রয়েছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পরিস্থিতি সামাল দিতে কর্তৃপক্ষ ভিজিলেন্স টিম গঠন করেছে।

**রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা** জানান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিবিরের টেন্ট থেকে আজ শুক্রবারের মধ্যে পুলিশ প্রত্যাহার করে না নিলে শিবির নেতারা ক্যাম্পাসে লাশ ফেলে দেওয়ার হুমকি দিয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার দিকে প্রায় ২০ জন শিবির নেতা বিশ্ববিদ্যালয় প্রক্টরের কার্যালয়ে ঢুকে প্রকাশ্যে এ হুমকি দেয়। এ সময় সেখানে প্রক্টর, সহকারী প্রক্টরগণ এবং পুলিশ ও গোয়েন্দা সংস্থার কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এদিকে আজ শুক্রবার রাতে রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ ও ছাত্রদল বিশ্ববিদ্যালয়ের ১০টি আবাসিক হল দখল ও নিয়ন্ত্রণে রাখার ঘোষণা দিয়েছে। এ জন্য উভয় দলই ক্যাম্পাসে ব্যাপকসংখ্যক বহিরাগত ক্যাডারদের সমাবেশ ঘটিয়েছে

## তৃতীয় বিভাগের জন্য ৪ শর্ত

# বেসরকারি সব শিক্ষক-কর্মচারী মে মাসের বেতন পাবেন

**নিজস্ব প্রতিবেদক**

অবশেষে গত অর্থবছরে সরকারি বেতনভুক্ত হওয়া ১ হাজার ৯০০ স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রায় ২২ হাজার বেসরকারি শিক্ষক ও কর্মচারীকে মে মাসের বেতন প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে গত ২৪ আগস্টের আগে নিয়োগ পাওয়া শিক্ষকদের বেতন উত্তোলনের ক্ষেত্রে চার দফা শর্তারোপ করা হচ্ছে।

গতকাল শিক্ষক সমিতির ফেডারেশনের একটি প্রতিনিধি দলের সঙ্গে সাক্ষাতকারে শিক্ষা অধিদপ্তরের মহা পরিচালক ড. আয়েশা খাতুন একথা জানান। অবশ্য গতকাল এসংক্রান্ত কোনো সরকারি নির্দেশ জারি হয়নি।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর থেকে সিদ্ধান্ত অনুযায়ী ২৪ আগস্টের আগে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগে পাস করা শিক্ষকদের যেসব স্কুল, কলেজ ও মাদ্রাসায় নিয়োগ দেওয়া হয়েছে সেসব প্রতিষ্ঠান প্রধানকে চার দফা শর্ত পূরণের অঙ্গীকারনামায় স্বাক্ষর করে বেতন উত্তোলন করতে হবে।

যেসব শর্তে অঙ্গীকার করতে হবে তার মধ্যে রয়েছে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তিটি যথাযথভাবে এবং যথাপূর্বে প্রকাশিত হয়েছে, শিক্ষক নিয়োগ 'স্টাফিং প্যাটার্ন' অনুযায়ী হয়েছে, নিয়োগ বোর্ড বা

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৫